# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭০৪

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ হাজরে আসওয়াদের জন্য জবান কিয়ামতের দিন হবে; দুনিয়াতে নয় মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ اللِّسَانَ لِلْحَجَرِ إِنَّمَا يَكُونُ فِي الْقِيَامَةِ لَا فِي الدُّنْيَا

আরবী

3704 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا الْفُضَيْلُ بْنُ الْحُسَيْنِ الْجَحْدَرِيُّ حَدَّثَنَا فُضَيْلُ بْنُ سُلَيْمَانَ حَدَّثَنَا ابْنُ خُثَيْمٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (لَيَبْعَثَنَّ اللَّهُ هَذَا الرُّكْنَ يَوْمَ الْقِيَامَةِ لَهُ عَيْنَانِ يُبْصِرُ بِهِمَا وَلِسَانٌ ينطق به يشهد لمن استلمه بحق)

الراوي : ابْن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3704 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق على ابن خزيمة)) (2735 ـ 2736).

বাংলা

৩৭০৪. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই আল্লাহ এই হাজরে আসওয়াদকে কিয়ামতের দিন পুনরুত্থিত করবেন, এমন অবস্থায় যে, তার দুটি চোখ থাকবে, যা দ্বারা সে দেখতে পাবে, একটি জিহবা থাকবে, যা দ্বারা সে কথা বলবে। যে ব্যক্তি এটাকে সত্যনিষ্ঠভাবে (হাত বা মুখ দিয়ে) স্পর্শ করবে, এটি তার পক্ষে সাক্ষ্য দিবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আবূ ইয়ালা; ২৭১৯; মুসনাদ আহমাদ: ১/২৬৬; সহীহ ইবনু খুযাইমাহ: ২৭৩৬; হাকিম: ১/৪৫৭; দারেমী: ২/৪২; তিরমিযী: ৯৬১; ইবনু মাজাহ: ২৯৪৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকু আলা সহীহ ইবনু খুযাইমাহ: ২৭৩৫-২৭৩৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=93041

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন